সমকাল

তারিখ ... 20 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ......

# শিক্ষার মানের ব্যবধান দূরীকরণে কাজ করছে সরকার

— শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর পাশাপাশি সারাদেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শিক্ষার পরিবেশ উন্নয়নে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে সরকার। সরকারের এসব কার্যক্রম গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার সুযোগ ও গুণগত মানের পার্থক্য হ্রাসে ভূমিকা রাখছে।

গতকাল রোববার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে দেশের ৩১০টি মডেল বিদ্যালয়কে আইসিটি ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুমের সরঞ্জাম প্রদান অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। এসব স্কুলকে ৩৫২০টি কম্পিউটার, ২১৭০টি ল্যাপটপ, ২১৭০টি প্রজেক্টর, ১৬০টি ফটোকপি মেশিন ও আসবাব প্রদান করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার গত ৭ বছরে সারাদেশে ৬ হাজার ২৩৫টি স্কুল, কলেজ, মাদ্রাসার নতুন ভবন নির্মাণ ও সংস্কারের কাজ করছে। বর্তমানে আরও ৩ হাজার ২৪০টি শিক্ষাপ্রতিষ্ঠান এ ধরনের নির্মাণ কাজ চলমান রয়েছে। তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদান পদ্ধতি আকর্ষণীয় করতে সারাদেশে ২৪ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম গড়ে তোলা হয়েছে। এ ছাড়া নবনির্মিত ১২৫টি উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন গড়ে তোলা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন ও প্রকল্প পরিচালক কেএম রফিকুল ইসলামও বক্তব্য রাখেন।